

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০২.১১-২৭।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Linde Bangladesh Limited" এর তেজগাঁও, নারায়ণগঞ্জ এর বুপগঞ্জ, সীতাকুন্ড এর শীতলপুর, খুলনার লবনচরা এবং সমগ্র বাংলাদেশে ১৮টি উৎপাদন ও বিপণন কেন্দ্রে অবস্থিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ (১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১ মে ২০১৮ হতে ৩০ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- ১। কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।
- ২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।

(৪৮২৯)

মূল্য : টাকা ৪.০০

- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় অগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- ২। ইহা ১৮ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/০১ মে ২০১৮ খ্রিঃ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ.টি.এম সাইফুল ইসলাম
উপসচিব।